

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৯৪

১/ বিবিধ

আরবী

رب عابد جاهل، ورب عالم فاجر، فاحذروا الجهال من العباد، والفجار من العلماء،
فإن أولئك فتنة الفتنة
موضوع

رواه بن عدي في الكامل (ورقة 33 - 34 من مخطوطة ظاهرية دمشق رقم 364 -
حديث) ومن طريقه ابن عساكر في المجلس الرابع عشر في " ذم من لا يعمل بعلمه "
(ورقة 56 وجه 1 - 2 من مجموع الظاهرية رقم 77) وفي " التاريخ " (3 / 154 / 2)
من طريق بشر بن إبراهيم قال: حدثنا ثور بن يزيد عن خالد بن معدان عن أبي أمامة
مرفوعا، وقال ابن عساكر: تفرد به بشر هذا
قلت: وهو وضاع، وقال ابن عدي: إنه منكر الحديث عن الثقات والأئمة، ثم ساق له
أحاديث وقال: إنها بواطيل، وضعها بشر
قلت: وهذه أحدها، ثم قال: وهو عندي ممن يضع الحديث على الثقات، وقال ابن
حبان: كان يضع الحديث، ثم رواه ابن عدي (1 / 400) في ترجمة محفوظ بن بحر
عنه عن عمر بن موسى عن خالد بن معدان به دون قول " فإن أولئك.. "، وقال
منكر، عن خالد بن معدان والراوي عنه عمر بن موسى ويقال له: ابن وجيه، ضعيف
قلت: وهو ممن يضع الحديث كما تقدم مرارا، ومحفوظ هذا قال أبو عروبة: كان
يكذب، لكن قال ابن عدي عقبه: وليس هذا من قبل محفوظ كأنه يشير إلى أن المتهم
به هو ابن وجيه هذا وبشر بن إبراهيم، وهذا الحديث مما أورده السيوطي في كتابه "

الجامع الصغير " ومن عجيب أمره أنه ذكره من رواية ابن عدي الذي ساقه في ترجمة هذا الوضاع، ثم سكت السيوطي عن هذا كله

বাংলা

৪৯৪। বহু আবেদ আছে যারা অজ্ঞ, বহু আলেম আছে যারা পাপাচারী। অতএব তোমরা অজ্ঞ আবেদদের এবং পাপাচারী আলেমদের থেকে বেঁচে চল। কারণ তারাই হচ্ছে ফিতনাবাজদের ফিতনা।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী "আল-কামিল" গ্রন্থে (পৃঃ ৩৩-৩৪ নং ৩৬৪) এবং তার সূত্রে ইবনু আসাকির "যাম্মু মান লা ই'য়ামালু বি ইলমেহি" গ্রন্থের চতুর্দশ মজলিসে (পাতা ৫৬/ ১-২ / ৭৭ হতে) এবং "আত-তারীখ" গ্রন্থে (৩/১৫৪/২) বিশর ইবনু ইবরাহীম সূত্রে উল্লেখ করেছেন। অতঃপর ইবনু আসাকির বলেছেনঃ বিশর এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি জালকারী।

ইবনু আদী বলেনঃ নির্ভরযোগ্য ইমামদের নিকট হতে বর্ণনাকারী হিসাবে তিনি মুনকারুল হাদীস।

অতঃপর তার কতিপয় হাদীস উল্লেখ করে বলেছেনঃ এগুলো বাতিল। এগুলো বিশর জাল করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি সেগুলোর একটি।

অতঃপর (ইবনু আদী) বলেনঃ তিনি আমার নিকট যারা নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন তাদের অন্তর্ভুক্ত। ইবনু হিব্বান বলেনঃ তিনি হাদীস জাল করতেন।

তারপর ইবনু আদী (১/৪০০) মাহফুয ইবনু বাহারের জীবনী বর্ণনা করতে গিয়ে তার সূত্রে উমর ইবনু মূসা হতে এবং তিনি খালিদ ইবনু মিদান হতে হাদীসটি "فان أولئك" এ অংশটুকু বাদ দিয়ে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ খালিদ ইবনু মিদান হতে এটি মুনকার। তার থেকে বর্ণনাকারী উমর ইবনু মূসাকে বলা হয় ইবনু ওয়াজীহ। তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ তিনি হচ্ছেন সেই দলের অন্তর্ভুক্ত যারা হাদীস জাল করতেন। এ মাহফুয সম্পর্কে আবু আরুবা বলেছেনঃ তিনি মিথ্যা বলতেন। কিন্তু ইবনু আদী তার পরেই বলেনঃ এটি মাহফুযের পক্ষ হতে নয়। তিনি যেন ইঙ্গিত করছেন যে, এ হাদীসটির ব্যাপারে দোষী হচ্ছেন ইবনু ওয়াজীহ এবং বিশর ইবনু ইবরাহীম।

এ হাদীসটি সুযুতী "জামেউস সাগীর" গ্রন্থে ইবনু আদীর বর্ণনা হতেই উল্লেখ করেছেন। অথচ তিনি (ইবনু আদী) সেটিকে এ জালকারীর জীবনীতে উল্লেখ করেছেন। অতঃপর সুযুতী চুপ থেকেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68079>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন